



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



নম্বর ৩৭.০২.০০০০.১০২.১৯.০০২.২০.২৩৬

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে রচনা আহ্বান।

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত বিভাগওয়ারী রচনা আহ্বান করা হচ্ছে:

ক্রমিক নং	শ্রেণি	বিভাগ
১	ষষ্ঠ হতে অষ্টম	ক
২	নবম হতে দশম	খ
৩	একাদশ হতে দ্বাদশ	গ

রচনার জন্য প্রতি জেলার প্রতিটি বিভাগ (ক/খ/গ) থেকে একজন করে এবং জাতীয় পর্যায়ে প্রতি বিভাগে ১০ জন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে।

২। অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের (একাধিক হতে পারে) সাদা কাগজে মহান বিজয় দিবস-২০২০-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে 'বঙ্গবন্ধু ও আমাদের বিজয়' শিরোনামে অনধিক ১০০০ (এক হাজার) শব্দের একটি রচনা নিজ হাতে লিখবে।

শিক্ষার্থীরা রচনার নিচে বিভাগের নাম (ক/খ/গ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখ করবে। অতঃপর রচনাটি আগামী ২৩/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান লেখার নিচে সিলসহ প্রতিস্বাক্ষর প্রদানপূর্বক আগামী ২৪/১২/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে ই-মেইল/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করবেন।

৩। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি:

১)	সংশ্লিষ্ট জেলার সর্বপ্রাচীন সরকারি কলেজের অধ্যক্ষ	আহ্বায়ক
২)	সংশ্লিষ্ট জেলা শহরে অবস্থিত পাবলিক পরীক্ষায় সেরা সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি যিনি বাংলা ভাষা জানেন	সদস্য
৩)	সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসার	সদস্য সচিব

৪। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটির কার্যপরিধি:

- ক) সংশ্লিষ্ট জেলার শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত লেখা আগামী ২৮/১২/২০২০ তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক প্রতি বিভাগের জন্য ২টি করে রচনা নির্বাচন করতে হবে।
- খ) জেলা পর্যায় হতে নির্বাচিত লেখার তালিকাসহ মূল লেখা আগামী ২৯/১২/২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করতে হবে। রেজিস্ট্রি ডাকে প্রাপক জনাব রুপক রায়, সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন), কক্ষ নম্বর ৩২০ (তৃতীয় তলা), ১ম ব্লক, শিক্ষা ভবন, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০ তিকানা উল্লেখ করতে হবে; এবং
- গ) লেখার ফটোকপি ও অন্যান্য তথ্যাদি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।

১৫-১২-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)
- ৪) জেলা প্রশাসক, ----- (সকল)
- ৫) অধ্যক্ষ, সকল কলেজ
- ৬) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৭) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)

- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৯) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১০) জেলা শিক্ষা কর্মকর্তা, -----(সকল)
১১) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়
১২) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ----- (সকল)
১৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
১৪) সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
চট্টগ্রাম

স্মারক নং-৩৭.০২.১৫০০.০০০.৫৯.২০৩৭.২০

তারিখ : ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২০ খ্রি.

১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, -----(সকল), চট্টগ্রাম।

উল্লিখিত পত্রের মর্ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ২৪.১২.২০২০ তারিখের মধ্যে শিক্ষার্থীদের নিকট থেকে সংগৃহীত রচনা সমূহ ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
২। অফিস কপি।

(এস. এম. জিয়াউল হোসেন)
জেলা শিক্ষা অফিসার

চট্টগ্রাম

✉ deochittagong@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পাঁচলাইশ, চট্টগ্রাম।

কার্যালয়: নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয় (বালক), ২য় তলা, নাসিরাবাদ, চট্টগ্রাম।

ই-মেইল: tseopanchlaishctg@gmail.com

স্মারক নং: থামাশিঅ/পাঁচ/চট্ট:/২০২০/৭৩৫

তারিখ: ১৭/১২/২০২০খ্রি:

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ২৪/১২/২০২০ইং তারিখের মধ্যে শিক্ষার্থীদের নিকট থেকে সংগৃহীত রচনাসমূহ জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, সিডিএ/১৫, আখ্রাবাদ, চট্টগ্রাম-এ ডাকযোগে অথবা সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

Sabiul

১৭/১২/২০২০

(মোহাম্মদ শফিউল আলম)

থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
পাঁচলাইশ, চট্টগ্রাম।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল)

.....কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়
পাঁচলাইশ/ডবলমুরিং, চট্টগ্রাম।